
TRANSLATORS WITHOUT BORDERS

# কোভিড মোকাবেলায় চ্যাটবট



উজি (Uji) একটি বহুভাষিক চ্যাটবট যা মানুষের সাথে তাদের নিজের ভাষায় কথোপকথনের মাধ্যমে কোভিড-১৯ সংক্রান্ত প্রশ্নের উত্তর দেয়। চ্যাটবট এক ধরনের কম্পিউটার প্রোগ্রাম যা মেসেজিং অ্যাপ এবং ডিভাইসে মানুষের মতো কথোপকথন অনুকরণ করে। এগুলো এমনভাবে প্রোগ্রাম করা হয় যাতে একটা নির্দিষ্ট বিষয়ে ব্যবহারকারীর প্রশ্নের তাৎক্ষনিক উত্তর দিতে পারে। উজির মতো চ্যাটবটকে ব্যবহারকারীরা তাদের নিজের ভাষায় প্রশ্ন জিজ্ঞাসা করতে পারে এবং একই ভাষায় উত্তর পেতে পারে। এর পাশাপাশি, এই ধরনের চ্যাটবট জনসাধারণের কাছে মাল্টিমিডিয়া উপকরণ পৌঁছে দিতে পারে, বিশেষত যাদের পড়া ও লেখার ক্ষমতা সীমিত।

উজি বর্তমানে গণতান্ত্রিক কঙ্গো প্রজাতন্ত্রে আইএফআরসি (IFRC) এবং কঙ্গোলিজ রেড ক্রস সোসাইটির সাথে কোভিড-১৯ মোকাবেলায় সহায়তা করছে। বর্তমানে, উজি ফরাসি, কঙ্গোলিজ সোয়াহিলি এবং লিঙ্গালা ভাষায় কথা বলতে পারে এবং আমরা শীঘ্রই আরও ভাষা যোগ করবো।

## উজি মানবিক কর্মীদের কাছে মূল্যবান তথ্য পৌঁছে দেয়

ব্যবহারকারীরা উজিকে যে প্রশ্নগুলি জিজ্ঞাসা করে তার থেকে মানুষের কোভিড-১৯ সম্পর্কে কোন ধরনের তথ্য প্রয়োজন তা জানা যায়। এটা জানতে পারলে মানবিক সংস্থাগুলি তাদের যোগাযোগের প্রচেষ্টায় উপযুক্ত পরিবর্তন এনে মানুষের কাছে প্রাসঙ্গিক তথ্য পৌঁছে দিতে পারে।

সেই সাথে উজি গুজবের গতিপ্রকৃতির দিকে লক্ষ্য রাখে, কিন্তু গুজব ছড়ানো বন্ধ করতে সেগুলো পুনরাবৃত্তি করে না। যেমন, কোনও ব্যবহারকারী যদি জিজ্ঞাসা করেন যে তার পোষা প্রাণী কোভিড-১৯ এ আক্রান্ত হতে পারে কিনা তবে তিনি সে সম্পর্কেই কেবলমাত্র তথ্য পাবেন। তারপরে ব্যবহারকারী কোথা থেকে ভুল তথ্য পেয়েছেন তা জানার জন্য উজি প্রশ্ন জিজ্ঞাসা করতে পারে ("আপনি এটা কোথায় শুনেছেন?")।

উজি সুনির্দিষ্ট প্রশ্ন জিজ্ঞাসা করে বেনামে ব্যবহারকারীর তথ্য সংগ্রহ করে এবং কোনও অচেনা ইনপুট পেলে সেই ব্যাপারে সতর্ক করে। আমাদের দল বর্তমান তথ্য সুরক্ষা নিয়মকানুন অনুসরণ করে নিয়মিত এই তথ্যকে শ্রেণিবদ্ধ এবং বিশ্লেষণ করে। ভাষা প্রযুক্তির আরও বিকাশের জন্য আমরা এই তথ্য ব্যবহার করবো, যেমন স্থানীয় ভাষার জন্য যন্ত্র-অনুবাদ (মেশিন ট্রান্সলেশন)। এর মাধ্যমে সঙ্কটাপন্ন মানুষরা যে তথ্য জানতে চান তা সরাসরি পেতে পারবেন এবং তাদের মতামত জানাতে পারবেন।

## উজি ব্যবহার করা সহজ এবং মজাদার

উজি টেলিগ্রাম এবং হোয়াটসঅ্যাপে চালু হচ্ছে, তবে সামান্য পরিবর্তন করলে এসএমএস (SMS) ও অন্যান্য বিভিন্ন ধরনের প্ল্যাটফর্মে কাজ করতে পারে যাতে আরও বেশি সংখ্যক মানুষের কাছে পৌঁছানো যায়। পরের ধাপে এতে এমন বৈশিষ্ট্য যোগ করা হবে যাতে ব্যবহারকারীরা শুধুমাত্র কন্ঠস্বর ব্যবহার করে কথোপকথন করতে পারবেন।

বর্তমানে যে প্ল্যাটফর্মগুলো কোভিড-১৯ সম্পর্কে নির্ভরযোগ্য তথ্য সরবরাহ করছে, উজি সেগুলোর পরিপূরক হিসাবে কাজ করতে পারে, যেমন বিশ্ব স্বাস্থ্য সংস্থার (WHO) স্বাস্থ্য সতর্কতা (হেলথ অ্যালার্ট)। এই ধরনের তথ্য সেবায় সাধারণত ব্যবহারকারী তার দেশের সরকারি ভাষায় লেখা একটি মেনু ব্যবহার করে নির্দিষ্ট কিছু বিষয় সম্পর্কে লিখিত তথ্য দেখতে পারেন। এর বিপরীতে,

উজি ব্যবহারকারীদের তাদের নিজের ভাষায় এবং তাদের নিজের কথায় কথোপকথনের সুযোগ দেয়। ব্যবহারকারীদের নিজেদের তথ্য খুঁজে নিতে হয় না; উজি তাদের জন্য সেটা খুঁজে দেয়।

টিডব্লিউবি (ট্রান্সলেটর্স উইদাউট বর্ডার্স, TWB) তার অভিজ্ঞতায় দেখেছে যে জনস্বাস্থ্যের জরুরি অবস্থা বা অন্যান্য মানবিক সঙ্কটে যোগাযোগ তখনি সবচেয়ে কার্যকর হয় যখন প্রভাবিত ব্যক্তিরা:

- তাদের নির্দিষ্ট প্রশ্নগুলোর উত্তর পায়
- তাদের পরিস্থিতির জন্য প্রাসঙ্গিক তথ্য পায়
- তারা যে ভাষা ও ফর্ম্যাট বুঝতে পারে তাতে পরিচিত শব্দ ব্যবহার করে যোগাযোগ করতে পারে
- তাদের এই আস্থা থাকে যে ত্রাণ সংস্থাগুলি তাদের মতামত সংগ্রহ করবে এবং তাতে সাড়া দেবে।

এজন্যই আমরা উজি তৈরি করেছি। আমরা জানি যে জনস্বাস্থ্য সম্পর্কে কথা বলা একটি গুরুতর বিষয়, কিন্তু উজি মজাদার কারণ এতে আছে:

- সাম্প্রতিক বিষয়বস্তু, নতুন যে বিষয়গুলো উঠে আসছে তা অন্তর্ভুক্ত করতে নিয়মিত আপডেট করা হয়।
- প্রয়োজনীয়, প্রাসঙ্গিক এবং সহজলভ্য বিষয়বস্তু, যাতে স্থানীয় ভাষাগুলিকে প্রাধান্য দেয়া হয়
- সাবলীল ভাষা যা ব্যবহারকারীর মনোযোগ ধরে রাখে এবং আসল কথোপকথনের মতো মনে হয়।

## উজি আপনার কর্মসূচীতে সহায়তা করতে পারে

আমরা ডিআরসি (DRC) জুড়ে এবং অন্যান্য দেশ ও ভাষায় উজির সুফল ছড়িয়ে দিতে আগ্রহী। সেই সাথে, আমরা এই প্রযুক্তিকে অন্যান্য মানবিক ও উন্নয়ন সমস্যার মোকাবেলায় কাজে লাগানোর পরিকল্পনা নিয়েছি। এই কাজে জড়িত হতে বা আরও জানতে corona@translatorswithoutborders.org এ যোগাযোগ করুন।

উজি ইউনিসেফ, জাতিসংঘ শিশু তহবিল, যুক্তরাজ্য সরকারের ইউকে এইড এবং পল জি. অ্যালেন ফ্যামিলি ফাউন্ডেশনের অর্থায়নে তৈরি করা হয়েছে। এই প্রকাশনায় প্রকাশিত মতামতগুলি কোনোভাবেই ইউনিসেফ, যুক্তরাজ্য সরকার বা পল জি. অ্যালেন ফ্যামিলি ফাউন্ডেশনের আনুষ্ঠানিক মতামত হিসেবে বিবেচিত হবে না। এই প্রতিবেদনের অন্তর্ভুক্ত তথ্যের কোনও ধরনের ব্যবহারের জন্য ইউনিসেফ, যুক্তরাজ্য সরকার এবং পল জি. অ্যালেন ফ্যামিলি ফাউন্ডেশন দায়বদ্ধ নয়।